

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬৫৪

৭/ সিয়াম বা রোযা (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ৭/৭. চাঁদ দেখে রোযা রাখো এবং চাঁদ দেখে ইফতার (ঈদ) করো।

بَابِ مَا جَاءَ فِي صُومُوا لِرُونْيَتِهِ وَأَفْطِرُوا لِرُونْيَتِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو مَرْوَانَ مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعُثْمَانِيُّ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ بْنِ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم الله عليه وسلم إِذَا رَأَيْتُمُوهُ فَأَفْطِرُوا فَإِنْ غُمَّ عَلَيْكُمْ فَاقْدُرُوا لَهُ قَالَ وَكَانَ ابْنُ عُمَرَ يَصُومُ قَبْلَ الْهِلَالِ بِيَوْمٍ.

বাংলা

১/১৬৫৪। ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা চাঁদ দেখে রোযা রাখা শুরু করবে এবং চাঁদ দেখে ইফতার (রোযার সমাপ্তি) করবে। তোমাদের আকাশ মেঘাচ্ছন্ন থাকলে (তিরিশ দিন) পূর্ণ করবে। ইবনু 'উমার (রাঃ) নতুন চাঁদ দেখার একদিন আগেও রোযা রাখতেন।

English

It was narrated from Ibn 'Umar that the Messenger of Allah (ﷺ) said: 'When you see the new crescent, fast, and when you see it, stop fasting. If it is cloudy then calculate it (as thirty days)." Ibn 'Umar used to fast one day before the new crescent was seen.

ফুটনোট

সহীহুল বুখারী ১৯০০, ১৯০৬, ১৯০৭, মুসলিম ১০৮০, নাসায়ী ২১২০, ২১২১, ২১২২, আবূ দাউদ ২৩২০, আহমাদ ৪৪৭৪, ৪৫৯৭, ৫২৭২, ৬২৮৭, মুয়াত্তা মালেক ৬৩৩, ৬৩৪, দারেমী ১৬৮৪ ইরওয়াহ ৪/১০০, সহীহ আবী দাউদ ২০০৯।



তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু মারওয়ান মুহাম্মাদ বিন উসমান আল উসমানী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন ও সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইবনু হাজার আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম বুখারী তাকে সত্যবাদী বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৪৫৪, ২৬/৮১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন